# ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড

**(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)**
**উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম - ৪২০৪।**

**দরপত্র নং ঃ** ইআর/পার/সিএন্ডএফ-০১/২০২৪ তারিখ ঃ ০৯ সেপ্টেম্বর, ২০২৪ইং

## সিএন্ডএফ এজেন্ট নিয়োগের দরপত্র বিজ্ঞপ্তি।

ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড (ইআরএল) কর্তৃক আমদানিতব্য/ রপ্তানিতব্য পণ্যসমূহের সিএন্ডএফ কাজ সম্পাদনের জন্য ০১-০১-২০২৫ থেকে ৩১-১২-২০২৬ ইং পর্যন্ত মেয়াদে সিএন্ডএফ এজেন্ট নিয়োগের নিমিত্তে অন্ততঃ ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন এবং চট্টগ্রামস্থ উল্লেখযোগ্য বাণিজ্যিক এলাকা সমূহে অবস্থিত সুপ্রতিষ্ঠিত/খ্যাতনামা সিএন্ডএফ প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে এতদ্বারা নিম্নেবর্ণিত তফসিল মোতাবেক সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ-

| দরপত্র নং | বিবরণ | প্রতিসেট দরপত্র তফসিলের মূল্য | দরপত্র তফসিল বিক্রয়ের সর্বশেষ তারিখ | দরপত্র জমাদানের সর্বশেষ তারিখ ও সময় | কারিগরি দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|
| ইআর/পার/ সিএন্ডএফ-০১/২০২৪ | সিএন্ডএফ এজেন্ট নিয়োগ ০১-০১-২০২৫ থেকে ৩১-১২-২০২৬ ইং মেয়াদে চট্টগ্রাম কাস্টমের জন্য | টা. ১,৫০০.০০ | ৩০-০৯-২০২৪ ইং ১৬:০০ ঘটিকা পর্যন্ত | ০১-১০-২০২৪ ইং ১৪:০০ ঘটিকা পর্যন্ত | ০১-১০-২০২৪ ইং ১৪:৩০ ঘটিকা |

নগদ মূল্য (অফেরৎযোগ্য) প্রদানপূর্বক দরপত্র তফসিল যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড -এর চট্টগ্রামস্থ অফিসের হিসাব বিভাগে পাওয়া যাবে। দরপত্র তফসিলে বর্ণিত নিয়ম অনুযায়ী দরপত্র ইআরএল এর ক্রয় বিভাগে রক্ষিত দরপত্র বাক্সে উপরোল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে অবশ্যই দাখিল করতে হবে যা উপস্থিত দরদাতা/তাঁদের প্রতিনিধিবর্গের উপস্থিতিতে খোলা হবে। ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে প্রদত্ত দরপত্র অবশ্যই নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ইআরএল এর ক্রয় বিভাগে পৌঁছাতে হবে।

ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

**মোঃ জাহেদ জামাল**
ম্যানেজার (ফরেন-পার্চেজ)
ফোন নং ঃ ৮৮-০২ ৩৩৩৩ ০১২৬১-৭
ই-মেইল ঃ managerfp@erl.com.bd
md-office@erl.com.bd

# ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন -এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
উত্তর পতেঙ্গা, ডাক বক্স নং ৩৫
চট্টগ্রাম ৪০০০

ফোন ঃ ৮৮-০২-৩৩৩৩০১২৬১~৭ (পিএবিএক্স) এক্সটেন্‌শন ঃ ৩৮১
ই-মেইল ঃ managerfp@erl.com.bd
cnfofficer.erl@gmail.com
md-office@erl.com.bd
ওয়েবসাইট ঃ www.erl.com.bd

১ জানুয়ারি, ২০২৫ ইং তারিখ থেকে ৩১ ডিসেম্বর, ২০২৬ ইং তারিখ পর্যন্ত সময়ের জন্য সিএন্ডএফ এজেন্ট নিয়োগ সংক্রান্ত

## দরপত্র তফসিল

## দরপত্র নং ঃ ইআর/পার/সিএন্ডএফ-০১/২০২৪

দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় ঃ ০১-১০-২০২৪ ইং বিকেল ঃ ১৪:০০ ঘটিকা পর্যন্ত
দরপত্র খোলার তারিখ ও সময় ঃ ০১-১০-২০২৪ ইং বিকেল ঃ ১৪:৩০ ঘটিকা।

দরপত্র তফসিল মূল্য প্রতিসেট ঃ নগদ টা. ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) মাত্র।

তফসিল -‘ক’

# ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড

**(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)**

**উত্তর পতেঙ্গা, ডাক বক্স নং ৩৫**

**চট্টগ্রাম ৪০০০**

দরপত্র নং ঃ ইআর/পার/সিএন্ডএফ-০১/২০২৪ তারিখ ঃ ০৯ সেপ্টেম্বর, ২০২৪ইং

## -:দরপত্রের শর্তাবলী:-

১. দরপত্র জমাদান ও উন্মুক্তকরণ ঃ

১.১ দরপত্র তফসিলের প্রত্যেক পাতায় দরদাতার সীলমোহরসহ স্বাক্ষরকরণ পূর্বক পূরণকৃত দরপত্রসমূহ আগামী ০১-১০-২০২৪ ইং বিকেল ১৪:০০ ঘটিকার মধ্যে ম্যানেজার (ফরেন-পার্চেজ), ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-এর বরাবরে প্রেরণ করতে হবে। এ লক্ষ্যে, পৃথক পৃথক দুইটি খামে খামের উপর অবশ্যই যথাক্রমে **কারিগরি দরপত্র”** ও **“বাণিজ্যিক দরপত্র”** উল্লেখ পূর্বক সীলগালা করে মুখ বন্ধকরণপূর্বক খাম দু’টি তৃতীয় একটি মুখবন্ধ খামে ইআরএল -এর ক্রয় বিভাগে রক্ষিত টেন্ডার বাক্সে জমাদান করতে হবে। ডাকযোগে/কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণকৃত দরপত্র অবশ্যই উপরোক্ত তারিখ ও সময়ের মধ্যে ইআরএল’র ক্রয় বিভাগে পৌঁছাতে হবে।

১.২. জমাদানের লক্ষ্যে প্রথম খামে দরদাতা প্রতিষ্ঠান তফসিল ‘খ’ অনুযায়ী সংশ্লিষ্ট দলিলাদিসহ দরপত্র প্রদান করবে, যা’ **“কারিগরি দরপত্র”** হিসাবে বিবেচিত হবে।

১.৩. জমাদানের লক্ষ্যে দ্বিতীয় খামে দরদাতা প্রতিষ্ঠান তফসিল ‘গ’ অনুযায়ী দর উদ্ধৃত করে দরপত্র প্রদান করতে হবে, যা’ **“বাণিজ্যিক দরপত্র”** হিসাবে বিবেচিত হবে।

১.৪. তফসিল ‘খ’ অনুযায়ী প্রাপ্ত কারিগরি দরপত্র সমূহ আগামী ০১-১০-২০২৪ ইং তারিখ বিকেল ১৪:৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

১.৫. ইআরএল কর্তৃপক্ষের মূল্যায়ন এবং যথাযথভাবে অনুমোদন সাপেক্ষে কেবলমাত্র **“কারিগরিভাবে গ্রহণযোগ্য”** বলে বিবেচিত হওয়া দরপত্র প্রদানকারী প্রতিষ্ঠান সমূহের **“বাণিজ্যিক দরপত্র”** পরবর্তীতে দরদাতাগণ বা তাদের প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বাণিজ্যিক দরপত্র খোলার তারিখ ও সময় যোগ্য দরদাতা প্রতিষ্ঠানসমূহকে যথাসময়ে অবহিত করা হবে।

২. **দরপত্র জামানত ঃ**

ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড-এর অনুকূলে যে কোন তফশীলি ব্যাংক থেকে পে-অর্ডার বা ডিমান্ড ড্রাফট্ আকারে ৳. ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) মাত্র দরপত্র জামানত (Tender Security) হিসাবে কারিগরি দরপত্রের সাথে জমাদান করতে হবে। অকৃতকার্য দরদাতা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক জমাদানকৃত দরপত্র জামানতের অর্থ যথাসময়ে বিনাসুদে ফেরত দেয়া হবে।

কৃতকার্য/নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক জমাদানকৃত দরপত্র জামানতের অর্থ Performance Guarantee জমাদান সাপেক্ষে বিনাসুদে ফেরত দেয়া হবে।

৩. **Performance Guarantee ঃ**

কার্যসম্পাদন চুক্তি সম্পাদনের পূর্বে কৃতকার্য / নির্বাচিত দরদাতা প্রতিষ্ঠান(সমূহ) কর্তৃক Performance Guarantee হিসেবে ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড -এর অনুকূলে যে কোন তফশীলি ব্যাংক থেকে ব্যাংক গ্যারান্টি/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট আকারে ৳ ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকা মাত্র জমা প্রদান করতে হবে। সাফল্যজনকভাবে চুক্তি অনুযায়ী কার্যসম্পাদন সাপেক্ষে চুক্তি মেয়াদান্তে Performance Guarantee বাবদ জমাদানকৃত জামানতের অর্থ বিনাসুদে ফেরত প্রদান করা হবে। উল্লেখ্য যে, যদি সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের মাধ্যমে কাস্টম বা অন্য কোন প্রতিষ্ঠানের সাথে রিফান্ড/অন্যান্য ক্লেইম বা পাওনা থাকে, তবে তা’ সমাধান/ সমন্বয় করা ছাড়া জামানতের টাকা ফেরত প্রদান করা হবে না।

## ৪. কারিগরি প্রাক-যোগ্যতা নির্ণয়ের মানদন্ড ঃ

৪.১. ক. দরপত্রের সাথে দাখিলকৃত দলিলাদি এবং সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে যোগ্যতা নিশ্চিত করা হবে।
খ. কারিগরি মূল্যায়নের নিমিত্ত মোট ৬ (ছয়) টি ক্যাটাগরিভিত্তিক মোট নম্বর, ১০০ (একশত)।
গ. কারিগরিভাবে গ্রহণযোগ্যতার জন্য সর্বনিম্ন নম্বর, ৮৫(পঁচাশি)।
ঘ.কারিগরি মূল্যায়নের নিমিত্ত বিবেচনাধীন ক্যাটাগরি ও ওয়েটেজ নম্বর বিভাজন:

৪.২. দরদাতা এজেন্টের কাজের মোট অভিজ্ঞতা (বর্তমান লাইসেন্সধারী দরদাতার কাজের অভিজ্ঞতা/দক্ষতা):-
মোট নম্বর ১০

| ক্রমিক নং | দরদাতা এজেন্টের কাজের অভিজ্ঞতা | নম্বর |
|---|---|---|
| ১. | ১০ বছর | ৫ |
| ২. | ১১-১৫ বছর | ৮ |
| ৩. | ১৬-২০ বছর | ১০ |

৪.৩. ইস্টার্ণ রিফাইনারী বা এর সমমানের সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্তশাসিত কোন প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা:-
মোট নম্বর ২০

| ক্রমিক নং | দরদাতা এজেন্টের কাজের অভিজ্ঞতা | নম্বর |
|---|---|---|
| ১. | ৫ বছর | ১০ |
| ২. | ১০ বছরের অধিক | ২০ |

৪.৪. দরদাতা প্রতিষ্ঠানে নিয়োজিত জনবলের সংখ্যা:-
মোট নম্বর ১৫

| ক্রমিক নং | যোগ্যতা সম্পন্ন জনবল | নম্বর |
|---|---|---|
| ১. | ৫ জন | ৫ |
| ২. | ৬-১০ জন | ১০ |
| ৩. | ১১ জন বা ততোধিক | ১৫ |

৪.৫. দরদাতা প্রতিষ্ঠানে নিয়োজিত জনবলের অভিজ্ঞতা:-
মোট নম্বর ১৫

| ক্রমিক নং | অভিজ্ঞতা সম্পন্ন লোকবল | নম্বর |
|---|---|---|
| ১. | ২-৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন (কমপক্ষে ৫ জন) | ১০ |
| ২. | ৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন (কমপক্ষে ৫ জন) | ১৫ |

৪.৬. দরদাতা প্রতিষ্ঠানের অফিসে ব্যবহৃত অফিস সরঞ্জামাদি ও অন্যান্য সুবিধাদি:-
মোট নম্বর ১০

| ক্রমিক নং | অফিস সরঞ্জামাদি ও অন্যান্য সুবিধাদি | নম্বর |
|---|---|---|
| ১. | প্রিন্টার ও স্ক্যানারসহ কম্পিউটার, ইন্টারনেট সুবিধা (ইমেইলে যোগাযোগের সুবিধার্থে)- এজেন্টের নিজস্ব | ১০ |

৪.৭. প্রস্তাবিত এজেন্টের অফিস ও সুবিধাদি সরেজমিনে পরিদর্শন রিপোর্ট: মোট নম্বর -৩০

৫. **<u>দরপ্রস্তাব</u> ঃ**

৫.১. কেবলমাত্র এতদ্‌সঙ্গে সংযোজিত তফসিল ‘গ’ অনুযায়ী দরপ্রস্তাব উল্লেখ করতে হবে। টাইপ করে অথবা কলম দিয়ে স্পষ্ট করে অংকে এবং কথায় দর উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাছেঁড়া, অস্পষ্টতা বা পেন্সিল দিয়ে লেখা দর বাতিল বলে বিবেচিত হবে।

৫.২. জেটি এবং প্রযোজ্য অপরাপর সকল প্রকার খরচাদি বিবেচনা করে সুচিন্তিত দর প্রদান করার জন্য দরদাতাগণকে অনুরোধ করা যাচ্ছে। বিবিধ খাতের খরচাদি (যদি থাকে) প্রদত্ত দর -এর মধ্যেই অন্তর্ভূক্ত আছে বলে বিবেচিত হবে। দরপত্র খোলার পর বা চুক্তির মেয়াদকালীন সময়ে কোন প্রকারেই এবং কোন পরিস্থিতিতে দর বাড়ানো যাবে না। চুক্তি সম্পাদনের পর কেবলমাত্র জ্বালানী তেলের মুল্য হ্রাস-বৃদ্ধিজনিত কারনে (যদি হ্রাস-বৃদ্ধি হয়) শুধুমাত্র চট্টগ্রাম সমুদ্র বন্দরের মাধ্যমে আমদানিকৃত পণ্য পরিবহনের জন্য পরিবহন ভাড়া দরপত্র/চুক্তিতে উল্লেখিত সংশ্লিষ্ট ভাড়ার সাথে নিম্নে বর্ণিত হারে জ্বালানী খরচের উপর মূল্য হ্রাস-বৃদ্ধি হিসাব করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সমন্বয় করা যেতে পারে। কোন অবস্থাতেই অন্যান্য ভাড়া ও মূল্য পরিবর্তন করা যাবে না।

| ক্রম | যানবাহন | আসা-যাওয়া বাবদ প্রতিট্রিপের জন্য নির্ধারিত ডিজেল খরচ |
|---|---|---|
| ১। | ট্রেইলর/কন্টেইনার মুভার | ০৮ লিটার। |
| ২। | ট্রাক ৬.৫০ টন | ০৪ লিটার। |
| ৩। | ট্রাক ৩.০০ টন | ০৩ লিটার। |
| ৪। | ট্রাক ১.৫০ টন/পিক-আপ | ০২ লিটার। |

৫.৩. সরকারী বিধি অনুযায়ী প্রদেয় বিল থেকে প্রযোজ্য হারে আয়কর, মূসক ও অন্যান্য চার্জ (যদি থাকে) কর্তন করা হবে।

৬. **<u>কোম্পানি কর্তৃক প্রদেয় শুল্ক, মাশুল ও চার্জ ইত্যাদি পরিশোধ ঃ</u>**

উপযুক্ত রসিদ/চালান/মেমো মূলে নিম্নবর্ণিত শুল্ক, মাশুল ও চার্জ ইত্যাদি রিফাইনারী কর্তৃক নিয়োজিত সিএন্ডএফ এজেন্টদের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পরিশোধ/প্রদান করা হবেঃ

৬.১. কাস্টম শুল্ক, মূসক, অগ্রিম আয়কর (এআইটি), ডেভেলপ্‌মেন্ট সারচার্জ এবং শুল্ক নির্ধারণের সময় কাস্টম কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অন্যান্য কর বা শুল্ক।

৬.২. কোন চালানের ক্ষেত্রে “এইচএস কোড” জনিত ভ্রান্তি বা অন্য কোন কারণে কাস্টম কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত জরিমানা।

৬.৩. কোন চালানের জন্য কাস্টমস্ কর্মচারী/কর্মকর্তা (অফিসিয়ালস্) - কে প্রদেয় ওভারটাইম বিল।

৬.৪. বন্দর কর্তৃপক্ষকে প্রদেয় পোর্ট/জেটি চার্জ, রিভার ডিউজ, ল্যান্ডিং চার্জ, হোয়েষ্টিং চার্জ, এলপিএস চার্জ, রিমুভ্যাল চার্জ এবং অন্যান্য চার্জ, যদি থাকে (হলিডে, নাইট পাস ফি, ইত্যাদিসহ)।

৬.৫. শিপিং এজেন্টকে প্রদেয় এলসিএল/এফসিএল চার্জ ও কন্টেইনার চার্জসহ অন্যান্য চার্জ (যদি থাকে)।

৬.৬. চেম্বার অব কমার্সকে প্রদেয় এলএমভি বুকিং ফ্রেইট (যদি থাকে)।

৬.৭. যে কোন চালানের জন্য নিবন্ধিত সার্ভেয়ারকে প্রদেয় সার্ভে ফি।

৭. **<u>কোম্পানি কর্তৃক প্রদেয় চার্জ ইত্যাদি পরিশোধঃ</u>**

নিম্নবর্ণিত বিধিবদ্ধ ভাউচার সমেত সকল ধরনের চার্জসমূহ রিফাইনারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টদের মাধ্যমে প্রদান করবে। যদি এই চার্জ সমূহের পরিমাণ আলাদাভাবে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা বা তার কম হয় তবে দ্রুত খালাসের লক্ষ্যে সিএন্ডএফ এজেন্টগণ নিজস্ব তহবিল থেকে প্রাথমিকভাবে তা’ পরিশোধ করবেন এবং পরবর্তীতে সংশ্লিষ্ট সিএন্ডএফ বিল প্রদানের সময় উক্ত চার্জসমূহ যথাযথ যাচাই-বাছাইপূর্বক সিএন্ডএফ এজেন্টকে পরিশোধ করা হবে। ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বের চার্জ সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিল/ভাউচার মোতাবেক রিফাইনারী কর্তৃপক্ষ পরিশোধ করবে:

৭.১. হোয়ার্ফরেন্ট/জেটিতে দেয় গুদাম ভাড়া/রিভার ডিউজ এবং ল্যান্ডিং ও কন্টেইনার চার্জসমূহ।

৭.২. জেটিতে দেয় ডেমারেজ (যদি থাকে)।

৭.৩. জেটিতে দেয় ডিটেনশন/এমটি মাশুল।

৭.৪. জেটিতে জায়গা ভাড়া (স্পেস রেন্ট)/লক পোর্ট চার্জ।

৭.৫. কাস্টম হাউজের এয়ার গুদামের ভাড়া।

৭.৬. নিলাম শেডে গুদাম ভাড়া এবং অন্যান্য চার্জ (যদি থাকে)।

৭.৭. জেটিতে পুনঃ প্যাকিং বা অন্য কোন যুক্তিযুক্ত কারণে দেয় মিস্ত্রী (কার্পেন্টার) চার্জ ইত্যাদি।

** **শর্ত থাকে যে, সিএন্ডএফ এজেন্টের অবহেলার জন্যে উদ্ভূত কোন চার্জ বা জরিমানার অর্থ তাদের সিএন্ডএফ বিল হতে কর্তনপূর্বক সমন্বয় করা হবে।**

## ৮. সাধারন শর্তঃ

৮.১. প্রতিযোগিতামূলক সর্বনিম্ন গ্রহণযোগ্য দরের ভিত্তিতে কার্যাদেশ প্রদান করে ০১-০১-২০২৫ থেকে ৩১-১২-২০২৬ ইং সময়ের জন্য সিএন্ডএফ এজেন্ট নিয়োগের চুক্তি সম্পাদন করা হবে। তবে রিফাইনারীর প্রয়োজন হলে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের সম্মতিক্রমে একই শর্ত সাপেক্ষে ও একই দরে অনুর্ধ ১(এক) বৎসরের জন্য চুক্তির মেয়াদ বর্ধিত করা যেতে পারে।

৮.২. রিফাইনারী কর্তৃপক্ষ কাজের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক সিএন্ডএফ এজেন্ট নিয়োগ করার অধিকার সংরক্ষণ করে। বর্তমান চাহিদার আলোকে প্রথমে ৩(তিন) টি সিএন্ডএফ এজেন্ট নিয়োগ করা হবে। সেক্ষেত্রে ২য় নিম্ন দরদাতা/৩য় নিম্ন দরদাতা/ ৪র্থ নিম্ন দরদাতাগণকে (ক্রমশঃ) সর্বনিম্ন গৃহীত দরদাতার দরে কাজ করতে সম্মত হতে হবে। ইআরএল -এর প্রয়োজন ও সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগকৃত সকল এজেন্টদের মধ্যে সিএন্ডএফ -এর কাজ যথাসম্ভব যৌক্তিক ভিত্তিতে বন্টন করে দেয়া হবে। এক্ষেত্রে ইআরএল -এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৮.৩. সময়ে সময়ে সিএন্ডএফ এজেন্টদের কার্যক্রম পর্যালোচনা/মূল্যায়ন করা হবে এবং এক্ষেত্রে ইআরএল -এর পর্যবেক্ষণই চূড়ান্ত বলে বিবেচিত হবে। ইআরএল কর্তৃপক্ষ চুক্তি খেলাপকারী এজেন্টদের বিরুদ্ধে যে কোন যৌক্তিক ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

৮.৪. ইস্টার্ণ রিফাইনারী কর্তৃপক্ষ সর্বনিম্ন দর গ্রহণ করতে বাধ্য নয় এবং এসংক্রান্ত বিষয়ে ইআরএল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

## ৯. নিয়োজিত সিএন্ডএফ এজেন্টদের দায়িত্ব এবং কাজের পরিধি ঃ

ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড কর্তৃক আমদানিকৃত এবং রপ্তানিতব্য মালামাল দ্রুত ও নিরাপদে খালাস ও প্রেরণ করা এবং তৎসংক্রান্ত ব্যাপারে কাস্টম কর্তৃপক্ষ/বন্দর কর্তৃপক্ষ/শিপিং এজেন্ট/বিমান ও ষ্টিভিডোর বা অন্যান্য সম্পর্কিত যে কোন দপ্তর বা প্রতিষ্ঠানের সাথে রিফাইনারীর স্বার্থ রক্ষার্থে সকল প্রকার যোগাযোগ রক্ষা করা হবে, যা এজেন্টগণের অন্যতম প্রধান দায়িত্ব। নিম্নে এজেন্টদের দায়িত্বের বিশদ বিবরণ দেয়া হলোঃ-

৯.১. ইস্টার্ণ রিফাইনারীর নিকট থেকে মূল শিপিং ডকুমেন্ট (মূল ডকুমেন্টের অভাবে ইনডেমনিটি বন্ড) গ্রহণের পর সিএন্ডএফ এজেন্টগণ Wharfrant Charge ও অন্যান্য Demurrage Charge এড়ানোর লক্ষ্যে যথাশীঘ্র অর্থাৎ অনুর্ধ ১০(দশ) দিনের মধ্যে জেটি, কাস্টম, বিমান কার্গো ও পোষ্ট অফিস থেকে মালামাল খালাসের ব্যবস্থা করবেন। এ সময়ে যাতে সঠিক ভাবে শুল্ক নির্ধারণ হয় এবং দ্রুততার সাথে সকল কাজ সম্পন্ন হয় সিএন্ডএফ এজেন্টগণ সে দিকে সদা তৎপর থাকবেন এবং হোয়ার্ফারেন্ট/ডেমারেজ যথাসম্ভব এড়াবার জন্য চেষ্টা করবেন। যদি কোন ডেমারেজ/চার্জ/রেন্ট ইত্যাদি সম্পূর্ণ বা আংশিকভাবে এজেন্টদের গাফিলতি/অবহেলা/অদক্ষতা বা অক্ষমতার জন্য দিতে হয়, তবে তা' সিএন্ডএফ এজেন্টের বিল/জামানত থেকে কেঁটে রাখা হবে। এ ব্যাপারে রিফাইনারীর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। চালান বিশেষে শুল্ক নির্ধারণ ঠিক না হলে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট তাৎক্ষনিকভাবে তা' রিফাইনারীকে অবহিত করবেন এবং রিফাইনারীর নির্দেশ মোতাবেক সিএন্ডএফ এজেন্টগণ পুনঃ শুল্ক নির্ধারণের ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য থাকবেন। তবে যে সব ডেমারেজ/চার্জ/মাশুল ইত্যাদি কাস্টম আইনতঃ ব্যাখ্যা প্রদানের কারণে, মেশিনারী সুবিধা পাওয়ার জন্য কাস্টম কর্তৃপক্ষের সাথে যোগাযোগের কারণে, শিপিং ডকুমেন্টে কোন ভুল থাকার কারণে অথবা এজেন্টদের আওতা বহির্ভূত কোন কারণে দিতে হয় তা' আমদানিকারক হিসাবে রিফাইনারী বহন করবে।

৯.২. বড় বা বিশেষ চালানের ক্ষেত্রে (বিশেষ করে কোল্ড রোল্ড স্টীল সীট/এম.এস প্লেট/পাইপ/বিপদজনক রাসায়নিক দ্রব্যাদি) এজেন্টগণ জাহাজ থেকে অবশ্যই সরাসরি সরবরাহের (ডাইরেক্ট ডেলিভারী) ব্যবস্থা করবেন।৯.৩.আমদানিকৃত দ্রব্যের ক্ষেত্রে জাহাজ বা বিমান হতে পণ্য দ্রব্য নামার পর বন্দর থেকে ডেলিভারীর পূর্বে অবশ্যই অনুমতি সাপেক্ষে অভিজ্ঞ সার্ভেয়ার দ্বারা সার্ভে করার ব্যবস্থা করবেন এবং পূর্ণাঙ্গ সার্ভে রিপোর্ট রিফাইনারীতে প্রেরণ করবেন। কোন কনসাইনমেন্টের ক্ষেত্রে সার্ভে প্রয়োজন না হলে ইআরএল কর্তৃক তা অবহিত করা হবে।

৯.৪. এজেন্টগণ জাহাজ হতে পণ্য দ্রব্য নামানোর সময় প্রয়োজনীয় তদারকি করবেন। কোন পণ্য দ্রব্য যদি ভাঙ্গা/ ক্ষতিগ্রস্ত অবস্থায় অবতরণ করে বা সে রকম আশংকা থাকে, তবে ইআরএল -এর অবগতি সাপেক্ষে দাবী সময়ের মধ্যে যৌথ (জয়েন্ট) সার্ভের ব্যবস্থা করবেন। শর্ট ল্যান্ডিং -এর বেলায় এজেন্টগণ সত্বর (দাবী সময়ের মধ্যে) শর্ট ল্যান্ডিং সার্টিফিকেট সংগ্রহের ব্যবস্থা করবেন এবং যথাযথ পক্ষ সমূহের কাছে রিফাইনারীর প্রতিনিধি হিসাবে যথাসময়ে ও যথানিয়মে সকল ধরনের দাবী (বীমা, রিফান্ড ক্লেইম, ইত্যাদি) রুজু করবেন। কোন কন্সাইনমেন্ট যদি নিখোঁজ/মিসিং কিংবা চুরি হয়, তাহলে সিএন্ডএফ এজেন্টকে যথাযথ পক্ষ সমূহের নিকট রিফাইনারীর প্রতিনিধি হিসাবে যথাসময়ে ও যথানিয়মে দাবী পেশ করতে হবে। উক্ত দায়িত্ব পালনে ব্যর্থ হলে নিখোঁজ/মিসিং বা চুরি হওয়া, ক্ষতিগ্রস্থ/কম প্রাপ্ত (শর্ট ল্যান্ডেড) পণ্যের মুল্যের সমপরিমাণ টাকা এজেন্ট -এর বিল/জামানত থেকে কেঁটে রাখা হবে অথবা তাঁদের বিরুদ্ধে ক্ষতিপূরণের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এক্ষেত্রে যাতে রিফাইনারীর দাবী সময় উত্তীর্ণ (টাইম বার্ড) না হয়ে যায় সে দিকে এজেন্টগণ সর্বদা লক্ষ্য রাখবেন। এজেন্টদের গাফিলতি বা অবহেলার জন্য যে কোন দাবী নাকচ্ হলে সংশ্লিষ্ট এজেন্টগণকেই দায়ী করা হবে এবং উপরে বর্ণিত ব্যবস্থার মাধ্যমে ক্ষতিপূরণ আদায় করা হবে।

৯.৫. কোন ক্ষেত্রে যদি শুল্ক, অন্যান্য কর, পোর্ট ডিউজ, ইত্যাদি কোন কারণে বেশি দেয়া হয়ে যায়, তবে রিফাইনারীর প্রতিনিধি হিসাবে এজেন্টগণ যথাযথ কর্তৃপক্ষের কাছে নির্ধারিত সময় ও নিয়মানুযায়ী রিফান্ড ক্লেইম রুজু করবেন এবং তা' আদায়ের সর্ব প্রকার ব্যবস্থা নেবেন। যদি এজেন্টদের গাফিলতি বা অবহেলার ফলে কোন রিফান্ড ক্লেইম সময় উত্তীর্ণ হয় বা নাকচ্ হয় তবে তা'এজেন্টদের কাছ থেকে উপরে উল্লেখিত নিয়মে আদায় করা হবে। সিএন্ডএফ এজেন্টের চুক্তির মেয়াদ শেষ হয়ে গেলেও রিফান্ড ক্লেইম চূড়ান্ত নিষ্পত্তি না করা পর্যন্ত এজেন্টদের দায়-দায়িত্ব বলবৎ থাকবে।

৯.৬. সিএন্ডএফ এজেন্টগণ জেটিতে সংশ্লিষ্ট পণ্য দ্রব্যের যথাযথ যত্ন নিশ্চিত করা সহ বৈরি আবহাওয়া বা অন্য যে কোন প্রকার প্রাকৃতিক দূর্যোগ থেকে রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা করবেন এবং আবশ্যক বিবেচনায় খোলা/আচ্ছাদিত জায়গা ভাড়া নেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৯.৭. জেটিতে, বিমানের গুদামে/পোস্ট অফিসে পণ্যদ্রব্য সনাক্ত করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে পণ্য দ্রব্য যথাযথ সংরক্ষণের জন্য রি-প্যাকিং ইত্যাদির ব্যবস্থা করা এজেন্টদের দায়িত্ব বলে বিবেচিত হবে। এর জন্য প্রয়োজনীয় খরচ যথাযথ রসিদ প্রদান সাপেক্ষে রিফাইনারী বহন করবে।

৯.৮. আমদানি দ্রব্যের ক্ষেত্রে জাহাজ বা বিমান হতে পণ্য দ্রব্য নামার/খালাসের পর রিফাইনারীর পণ্যাগারে বুঝিয়ে না দেয়া পর্যন্ত এবং রফতানির ক্ষেত্রে রিফাইনারী থেকে গ্রহণের পর জাহাজে বা বিমান বুকিং/উঠানো পর্যন্ত মালামালের যথাযথ নিরাপত্তা বিধানের সম্পূর্ণ দায়িত্ব এজেন্টগণের বলে বিবেচিত হবে।

৯.৯. রিফাইনারী এবং এজেন্টদের মধ্যে সুষ্ঠু যোগাযোগ রক্ষা, ডকুমেন্ট গ্রহণ, চিঠিপত্র দেয়া-নেয়া, চেক/পে-অর্ডার গ্রহণ এবং যে কোন প্রকার তথ্য গ্রহণ ও প্রদানের জন্য সিএন্ডএফ এজেন্টের একজন ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি অবশ্যই প্রয়োজন অনুযায়ী অবশ্যই রিফাইনারীতে আসবেন।

৯.১০. এজেন্টগণ অবশ্যই চাহিদা মোতাবেক সম্পাদিত কাজের অগ্রগতি রিপোর্ট রিফাইনারীতে প্রেরণ/অবগত করবেন।

৯.১১. আরোপিত হোয়ার্ফরেন্ট/ডেমারেজ/কন্টেইনার চার্জ প্রভৃতি আরোপনের কারণ নির্ধারণের ক্ষেত্রে এবং এ ব্যাপারে এজেন্টদের গাফিলতি বা তদ্‌সংক্রান্ত দায় নিরূপণের চূড়ান্ত ক্ষমতা রিফাইনারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯.১২ চুক্তিকালীন সময়ে যে সব ডকুমেন্ট যে সিএন্ডএফ এজেন্ট গ্রহণ করবেন, প্রযোজ্য ক্ষেত্রে চুক্তির মেয়াদ উত্তীর্ণ হলেও গৃহীত ডকুমেন্টের সংশ্লিষ্ট চালানগুলো সেই সিএন্ডএফ এজেন্ট খালাস করতে বাধ্য থাকবেন।

## ১০. <u>পণ্য সরবরাহ ও বিল পরিশোধ সম্পর্কিত ঃ</u>

১০.১. পণ্যসমূহ রিফাইনারীর কার্য দিবসে সকাল ০৮:০০ মিনিট থেকে বিকাল ০৪:৩০ মিনিট -এর মধ্যে উত্তর পতেঙ্গা, চট্টগ্রামে রিফাইনারীর ভান্ডারে পৌঁছাতে হবে এবং অতীব জরুরী প্রয়োজন ব্যতিরেকে ছুটি/বন্ধের দিনে পণ্য দ্রব্য গ্রহণ করা হবে না। তবে বিশেষ ক্ষেত্রে, যেমন - জরুরী প্রয়োজনে, বড় চালান (যা দেরী করালে বেশী ডেমারেজ দিতে হবে) বা সরাসরি ডেলিভারীর চালানসমূহ পূর্ব অবগতি সাপেক্ষে ছুটির দিনেও সরবরাহ করা যাবে। এরূপক্ষেত্রে সরবরাহের অন্ততঃ **১২** ঘন্টা পূর্বেই সরবরাহ সম্পর্কে রিফাইনারীর সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করতে হবে। ভান্ডার বিভাগে সরবরাহকৃত পণ্য দ্রব্যের ডেলিভারী চালানে ভান্ডার বিভাগের স্বাক্ষর নিতে হবে এবং স্বাক্ষরিত চালানের এক কপি ক্রয় বিভাগে জমা দিতে হবে।

১০.২. কমিশন বিল প্রদানের জন্য সংশ্লিষ্ট চালান খালাস ও আনুষংগিক কার্যাবলী সম্পাদনের পর সিএন্ডএফ এজেন্ট কর্তৃক তিন কপি কমিশন বিল রিফাইনারীতে পেশ করতে হবে।

১০.৩. বিলে প্রদত্ত বিষয়সমুহ পরীক্ষান্তে যথাযথ অনুমোদনের পর বিল প্রদান (প্রযোজ্য ক্ষেত্রে সংশোধিত বিল) করা হবে। রিফাইনারী কর্তৃপক্ষের বিবেচনায় বিলের যে কোন অযৌক্তিক অংশ বাদ দেয়ার অধিকার রিফাইনারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০.৪. কোন বিষয়ে রিফাইনারী কর্তৃপক্ষ ও এজেন্টদের মধ্যে মত পার্থক্য দেখা দিলে রিফাইনারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে, যা স্বাভাবিকভাবেই এজেন্টদের জন্য বাধ্যতামূলকভাবে পালনীয় হবে। কাজের সুবিধার জন্য সিএন্ডএফ এজেন্টগণ নিজেদের মধ্যে আইপি/এলসিএ প্রভৃতি শৃঙ্খলার সাথে আদান-প্রদান করবেন। এক্ষেত্রে যতদূর সম্ভব ফটোকপি দিয়ে কাজ চালাবার চেষ্টা করতে হবে।

১০.৫. যে কোন চালান খালাস হবার পর সংশ্লিষ্ট চালানের সাথে সম্পর্কিত বিল অব এন্ট্রির এ্যাসেস্‌মেন্ট নোটিশ ও বিল অব এন্ট্রির কপি, শিপিং বিল, কাস্টম স্বাক্ষরিত ইন্‌ভয়েস্‌, প্যাকিং লিষ্ট, লাইসেন্স, এলসিএ, আইপি এবং অন্য সকল কাগজপত্র সম্ভাব্য স্বল্প সময়ের মধ্যে রিফাইনারীতে ফেরৎ দিতে হবে। এ সকল দলিলাদি সাবধানতার সাথে ব্যবহার করতে হবে - যাতে হারানো বা অন্য কোন প্রকার ক্ষতি সাধিত না হয়। অন্যথায় সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের কমিশন বিল আটক রাখা সহ যে কোন ব্যবস্থা গ্রহণের অধিকার রিফাইনারী কর্তৃপক্ষের থাকবে।

১০.৬. রিফাইনারী কর্তৃপক্ষের বিবেচনামতে যদি কোন সিএন্ডএফ এজেন্ট-এর কাজ-কর্ম সন্তোষজনক মনে না হয় বা সিএন্ডএফ এজেন্টদের কর্তব্যে অবহেলা বা অদক্ষতার জন্য রিফাইনারীর ক্ষতির আশংকা থাকে অথবা যে কোন কারণে রিফাইনারী যদি আবশ্যক মনে করে তা'হলে উক্ত সিএন্ডএফ এজেন্টকে ১৫(পনের) দিনের নোটিশ প্রদানপূর্বক চুক্তি বাতিল করার ক্ষমতা রিফাইনারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে। এ রকম ক্ষেত্রে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের Performance Guarantee (জামানত) বাজেয়াপ্তকরণসহ যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার অধিকার রিফাইনারী কর্তৃপক্ষের রয়েছে।

## ১১. <u>মালামাল সরবরাহের নিমিত্ত কোম্পানির লজিস্টিক সুবিধা ব্যবহারঃ</u>

১১.১ ক্রেনঃ

রিফাইনারীর অভ্যন্তরে মালামাল নামানো / উঠানোর জন্য ক্রেন প্রয়োজন হলে তা' সিএন্ডএফ এজেন্টকেই ব্যবস্থা করতে হবে, এক্ষেত্রে রিফাইনারীর ক্রেন ব্যবহার করার কোন সুযোগ থাকবে না। তবে বিশেষ কারণে সিএন্ডএফ এজেন্ট যদি রিফাইনারীর ক্রেন ব্যবহার করতে চায় তা'হলে ক্রেন প্রাপ্তি সাপেক্ষে প্রতিঘন্টা কিংবা ভগ্নাংশের জন্য টা. ২,০০০.০০ (দুই হাজার) ভাড়া বিল থেকে কর্তন করার শর্তে সম্মতি সাপেক্ষে রিফাইনারীর ক্রেন ব্যবহার করতে পারবে।

১১.২.ফর্কলিফটঃ

রিফাইনারী/এবিপি'র অভ্যন্তরে মালামাল (ষ্টীল সীট, ষ্টীল কয়েল ও অন্যান্য পণ্য) গুদামে ষ্টেকিং/ রিষ্টেকিং করার জন্যে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট যদি রিফাইনারীর ফর্কলিফ্‌ট ব্যবহার করতে চায় তা'হলে ফর্কলিফ্‌ট প্রাপ্তি সাপেক্ষে_নিম্নে উল্লেখিত হারে ভাড়া বিল থেকে কর্তন করার শর্তে সম্মতি সাপেক্ষে সিএন্ডএফ এজেন্ট রিফাইনারীর ফর্কলিফ্‌ট ব্যবহার করতে পারবেঃ-

ক. ফর্কলিফ্‌ট ঃ ৫(পাঁচ) টন ক্ষমতাসম্পন্ন ঃ-

| | |
|---|---|
| ১. সাধারণ পালায় (০৮০০ ঘটিকা থেকে ১৭০০ ঘটিকা) | টা. ৩,০০০.০০ |
| ২. অতিরিক্ত প্রতিঘন্টা (১৭০০ ঘটিকার পর) | টা. ৫০০.০০ |
| ৩. শিফট্‌ ছাড়া (প্রতিঘন্টা) | টা. ৫০০.০০ |

খ. ফর্কলিফ্‌ট ঃ ১-২ (এক থেকে দুই) টন ক্ষমতাসম্পন্ন ঃ-

| | |
|---|---|
| ১. সাধারণ পালায় (০৮০০ ঘটিকা হ'তে ১৭০০ ঘটিকা) | টা. ২,০০০.০০ |
| ২. অতিরিক্ত প্রতিঘন্টা (১৭০০ ঘটিকার পর) | টা. ৫০০.০০ |
| ৩. শিফট্‌ ছাড়া (প্রতিঘন্টা) | টা. ৫০০.০০ |

** শর্ত থাকে যে, প্রয়োজনমতে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টকে রিফাইনারী কর্তৃপক্ষের কাছে প্রকৃত প্রয়োজনের কমপক্ষে ৬(ছয়) ঘন্টা পূর্বে লিখিতভাবে ক্রেন/ফর্কলিফট্‌ ব্যবহারের জন্য আবেদন করতে হবে।

# অঙ্গীকার নামা

আমি / আমরা এই মর্মে ঘোষণা করছি যে, ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড কর্তৃপক্ষ কতৃর্ক আহবানকৃত ১ জানুয়ারি, ২০২৫ ইং তারিখ থেকে ৩১ ডিসেম্বর, ২০২৬ ইং তারিখ পর্যন্ত সময়ের জন্য সিএন্ডএফ এজেন্ট নিয়োগ সংক্রান্ত দরপত্র তফসিল নং ইআর/পার/সিএন্ডএফ-০১/২০২৪, তারিখ ০৯.০৯.২০২৪ এ বর্ণিত সকল শর্তাদি পড়ে, সম্যক জ্ঞাত হয়ে ও মেনে চলার অঙ্গিকার করে চাহিত সকল দলিলাদি সংযুক্তকরণ সহকারে অত্র দরপত্র দাখিল করলাম।

ক. আবেনকারীর বিস্তারিত তথ্য:

নাম : ----------------------------------------------------

জাতীয় পরিচয়পত্র নং : ----------------------------------------------------

স্থায়ী ঠিকানা : ----------------------------------------------------

----------------------------------------------------

----------------------------------------------------

খ. প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য:

নাম : ----------------------------------------------------

ট্রেড লাইসেন্স নং : ----------------------------------------------------

দাপ্তরিক ঠিকানা : ----------------------------------------------------

----------------------------------------------------

----------------------------------------------------

**গ. সংযুক্তিকরণ:**

কার্যসম্পাদন জামানত বাবদ ব্যাংক গ্যারান্টি/পে-অর্ডার/ডিডি নংঃ ---------------------------------------------

তারিখ ঃ -------------------------------------

ব্যাংক ও শাখা ঃ ----------------------------------------------, --------------------------------------

টাকার অংক ঃ ---------------------, কথায় ঃ-------------------------------------------------------

তারিখ : ------------------ **দরদাতার স্বাক্ষর ও সীলমোহর**

তফসিল -'খ'
(কারিগরি দরপত্র)

# ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
উত্তর পতেঙ্গা, ডাক বক্স নং ৩৫
চট্টগ্রাম ৪০০০

দরপত্র নংঃ ইআর/পার/সিএন্ডএফ-০১/২০২৪ তারিখ ঃ ০৯ সেপ্টেম্বর, ২০২৪ইং

দরপত্র প্রদানের নিয়মাবলীর ধারা ১.২ -এর বিপরীতে **"কারিগরি দরপত্রে"** নিম্নোল্লেখিত দলিলাদি প্রদান করতে হবেঃ-

০১। প্রতিষ্ঠানের পূর্ণ ঠিকানা (ইমেইল এড্রেসসহ) সম্বলিত লেটার হেড প্যাডে আবেদন পত্র।
০২। দরপত্র তফসিল ক্রয়ের মূল রসিদ।
০৩। চট্টগ্রাম কাস্টম কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদ সিএন্ডএফ লাইসেন্স এর ছবিলিপি।
০৪। সিটি কর্পোরেশন হতে প্রদত্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স এর এর ছবিলিপি।
০৫। আয়কর প্রত্যায়নপত্র (E-BIN/E-TIN নম্বর সম্বলিত) এবং মূসক রেজিষ্ট্রেশন সনদের এর ছবিলিপি।
০৬। যে কোন তফসিলী ব্যাংকে দরদাতার ব্যাংক একাউন্টের বিগত তিন বছরের লেন-দেনের তালিকা এবং ব্যাংক প্রদত্ত ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট।
০৭। সিএন্ডএফ কাজের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের কাস্টম, জেটি এবং নিজস্ব অফিসে নিয়োজিত মোট কর্মকর্তা ও কর্মচারীর তালিকা **ও** জীবন বৃত্তান্ত।
০৮। ন্যূনতম সহকারী কমিশনার অব কাস্টম পদমর্যাদার কর্মকর্তা কর্তৃক প্রদত্ত বিগত ন্যূনতম ১০ (দশ) বছরের সিএন্ডএফ কাজের অভিজ্ঞতা এবং পারফরমেন্স সার্টিফিকেট।
০৯। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও সেক্টর কর্পোরেশনে পূর্বে ন্যূনতম ৫ বছরের কাজের অভিজ্ঞতা ও বর্তমানে কার্যরত থাকলে সে সম্পর্কিত নিয়োগকর্তার সার্টিফিকেট।
১০। কোন সুপ্রতিষ্ঠিত ও খ্যাতনামা বে-সরকারি প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত থাকলে সে সম্পর্কিত নিয়োগকর্তার সার্টিফিকেট।
১১। আবেদনকারীর অফিসে ব্যবহৃত অফিস সরঞ্জামাদির বিবরণ (কম্পিউটার, ইন্টারনেট সুবিধা ইত্যাদি)

** শর্ত থাকে যে, জমাদানকৃত দলিলাদির মূল কপি কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক প্রয়োজনে জমা প্রদান করতে হবে, যা যাচাই-বাছাই পূর্বক ফেরত প্রদান করা হবে।

তফসিল - 'গ'
(বাণিজ্যিক দরপত্র)

# ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
উত্তর পতেঙ্গা, ডাক বক্স নং ৩৫
চট্টগ্রাম ৪০০০

দরপত্র নংঃ ইআর/পার/সিএন্ডএফ-০১/২০২৪ তারিখ ঃ ০৯ সেপ্টেম্বর, ২০২৪ইং

## দরপত্র ফরম

প্রতিটি শ্রেনীর বর্ণনা মোতাবেক ডান দিকের সংশ্লিষ্ট ঘরে গাণিতিক সংখ্যা বসিয়ে দর উল্লেখ করতে হবে । যদি কোন প্রতিষ্ঠান সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন/বন্দর ট্রাক মালিক সমিতি/মার্চেন্ট শ্রমিক ইউনিয়নসহ অন্য কোন প্রতিষ্ঠানের দর উল্লেখ করতে চান, সে ক্ষেত্রে ও টেন্ডারের স্বচ্ছতা ও হিসাব-নিকাশের সুবিধার্থে দর অবশ্যই সংশ্লিষ্ট শ্রেনীর ডান দিকের খালি ঘরে সুনির্দিষ্ট গাণিতিক সংখ্যা বসিয়ে উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, প্রত্যেক সংস্থারই গাণিতিক সংখ্যায় দর রয়েছে। উক্ত খালি ঘর ছাড়া বিশেষ দ্রষ্টব্য, নোট কিংবা অতিরিক্ত শীটে কোন দর উল্লেখ করা যাবে না। কেউ এ ধরনের দর উল্লেখ করলে তা' মূল্যায়ন/হিসাবের অন্তর্ভূক্ত হবে না।

১.০ কমিশন :

| শ্রেণী | ক্লিয়ারিং/ ফরওয়ার্ডিং বন্দর | দর<br>(দরদাতা কর্তৃক পূরণীয়) |
|---|---|---|
| ১.১ | **আমদানি, চট্টগ্রাম সমুদ্র বন্দর**<br>আনুমানিক পণ্য মূল্য ৫০.০০ কোটি টাকা প্রতি বছর | (শুল্কায়নযোগ্য মূল্যের উপর কমিশন হার)<br>১ম ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত -<br>২য় ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত -<br>৩য় ১০(দশ) লক্ষ টাকা পর্যন্ত -<br>পরবর্তী যে কোন টাকা পর্যন্ত -<br>ন্যূনতম কমিশন |
| ১.২ | **রপ্তানি, চট্টগ্রাম সমুদ্র বন্দর**<br>আনুমানিক পণ্য মূল্য ১.০০ কোটি টাকা প্রতি বছর | (শুল্কায়নযোগ্য মূল্যের উপর কমিশন হার)<br>১ম ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত -<br>২য় ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত -<br>৩য় ১০(দশ) লক্ষ টাকা পর্যন্ত -<br>পরবর্তী যে কোন টাকা পর্যন্ত -<br>ন্যূনতম কমিশন - |

| শ্রেণী | ক্লিয়ারিং / ফরওয়ার্ডিং বন্দর | দর<br>(দরদাতা কর্তৃক পূরণীয়) |
|---|---|---|
| ১.৩ | **আমদানি, শাহ্আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম**<br>আনুমানিক পণ্য মূল্য ১৫.০০ কোটি টাকা প্রতি বছর | (শুল্কায়নযোগ্য মূল্যের উপর কমিশন হার)<br>১ম ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত -<br>২য় ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত -<br>৩য় ১০(দশ) লক্ষ টাকা পর্যন্ত -<br>পরবর্তী যে কোন টাকা পর্যন্ত -<br>ন্যূনতম কমিশন - |
| ১.৪ | **রপ্তানি, শাহ্আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম**<br>আনুমানিক পণ্য মূল্য ১.০০ কোটি টাকা প্রতি বছর | (শুল্কায়নযোগ্য মূল্যের উপর কমিশন হার)<br>১ম ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত -<br>২য় ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত -<br>৩য় ১০(দশ) লক্ষ টাকা পর্যন্ত -<br>পরবর্তী যে কোন টাকা পর্যন্ত -<br>ন্যূনতম কমিশন - |
| ১.৫ | **আমদানি, বেনাপোল স্থল বন্দর, যশোর**<br>আনুমানিক পণ্য মূল্য ১.০০ কোটি প্রতি বৎসর | (শুল্কায়নযোগ্য মূল্যের উপর কমিশন হার)<br>১ম ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত -<br>২য় ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত -<br>৩য় ১০(দশ) লক্ষ টাকা পর্যন্ত -<br>পরবর্তী যে কোন টাকা পর্যন্ত -<br>ন্যূনতম কমিশন - |

**২. পরিবহন (আমদানির ক্ষেত্রে) :**

| ২.১ | লোডিং -এর ক্ষেত্রে বন্দর কর্তৃপক্ষ তাদের নিয়োজিত প্রতিষ্ঠান প্রদত্ত রসিদ অনুযায়ী বিল প্রদান করা হবে। দর উল্লেখ করার প্রয়োজন নেই। | |
|---|---|---|
| **শ্রেণী** | **জাহাজযোগে আমদানী পণ্য দ্রব্যের বর্ণনা (চট্টগ্রাম)** | **দর (দরদাতা কর্তৃক পূরণীয়)** |
| ২.২(ক) | কোল্ড রোল্ড স্টীল সীট ও কয়েল, এম. এস প্লেট, স্টেইনলেস্ স্টীল সীট মোনেল প্লেটসহ্ বিভিন্ন প্রকারের সীট ও প্লেট, প্রভৃতি (প্রতিট্রিপ)ঃ-<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত<br>১০.০০ টন পর্যন্ত | |
| **শ্রেণী** | **জাহাজযোগে আমদানি পণ্য দ্রব্যের বর্ণনা (চট্টগ্রাম)** | **দর (দরদাতা কর্তৃক পূরণীয়)** |
| ২.২(খ) | রিফাইনারীর ভান্ডারে নামানো, স্টেকিং -এর যাবতীয় খরচ (নামানোর জন্য ক্রেন/ফর্কলিফ্ট এবং ভান্ডারে স্টেকিং করার জন্য হাইস্টার/ফর্কলিফ্টসহ)ঃ-<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত<br>১০.০০ টন পর্যন্ত | |
| ২.৩(ক) | পাইপ, পাইপ ফিটিংস্, নল জাতীয় (টিউবলার) সামগ্রী, হোস পাইপ, নির্মাণ সামগ্রী, ফার্নেস টিউব প্রভৃতি।_সাধারণতঃ ২″ ইঞ্চি থেকে ১২″ ইঞ্চি পরিধি বিশিষ্ট, তবে পরিধি কম/বেশী হতে পারে। দৈর্ঘ্য সাধারণতঃ ২০' ফুট থেকে ৪০' ফুট প্রতিট্রিপঃ-<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত<br>১০.০০ টন পর্যন্ত | |
| ২.৩(খ) | রিফাইনারী/এবিপি'র ভান্ডারে নামানো, স্টেকিং-এর যাবতীয় খরচ (নামানোর জন্য ক্রেন/ফর্কলিফ্ট এবং ভান্ডারে স্টেকিং করার জন্য হাইস্টার/ফর্কলিফ্টসহ):-<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পযন্ত<br>১০.০০ টন পর্যন্ত | |

| | | |
|---|---|---|
| ২.৪(ক) | ৪০' ফুট অথবা তার অধিক লম্বা পাইপ পরিবহনের জন্য ৩০ টন ধারন ক্ষমতাসম্পন্ন ৪০' ফুট ট্রেইলার ব্যবহার করার ক্ষেত্রে প্রতিট্রিপঃ-<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত<br>১০.০০ টন পর্যন্ত<br>২০.০০ টন পর্যন্ত<br>৩০.০০ টন পর্যন্ত | |
| ২.৪(খ) | রিফাইনারী ভান্ডারে নামানো, ষ্টেকিং -এর যাবতীয় খরচ (নামানোর জন্য ক্রেন/ফর্কলিফ্‌ট এবং ভান্ডারে স্টেকিং করার জন্য হাইস্টার/ফর্কলিফ্‌টসহ)ঃ-<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত<br>১০.০০ টন পর্যন্ত<br>২০.০০ টন পর্যন্ত<br>৩০.০০ টন পর্যন্ত | |
| ২.৫(ক) | যাবতীয় রাসায়নিক দ্রব্যাদি, রং ও রঞ্জন সামগ্রী ল্যাবরেটরী ইকুইপ্‌মেন্টস্‌ রিফাইনারীর ভান্ডার পর্যন্ত পরিবহন খরচ প্রতিট্রিপঃ-<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত | |

| শ্রেণী | জাহাজযোগে আমদানি পণ্য দ্রব্যের বর্ণনা (চট্টগ্রাম) | দর<br>(দরদাতা কর্তৃক পূরণীয়) |
|---|---|---|
| ২.৫(খ) | রিফাইনারীর ভান্ডারে নামানোর জন্য যাবতীয় খরচঃ-<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত | |
| ২.৬(ক) | বিভিন্ন যন্ত্র এবং যন্ত্রাংশ, টুলস্, ইলেক্ট্রিক্যাল এবং ইনস্ট্রুমেন্ট স্পেয়ার্স, রিফ্রেক্টরী সামগ্রী, ইনসুলেশন, সব ধরনের ভাল্বস্, ফ্লানেলস্, ফায়ার ফাইটিং ইকুইপ্মেন্টস্ ও অগ্নিনির্বাপক সামগ্রী, বই ও জার্নাল, সকল প্রকার মেশিনারী ও তার অংশ বিশেষ যা অন্য কোন শ্রেণীভূক্ত করা যায় না। প্রতিট্রিপঃ-<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত | |
| ২.৬.(খ) | রিফাইনারীর ভান্ডারে নামানোর জন্য যাবতীয় খরচ (বিভিন্ন যন্ত্র এবং যন্ত্রাংশ, টুলস্, ইলেক্ট্রিক্যাল এবং ইনস্ট্রুমেন্ট স্পেয়ার্স, রিফ্রেক্টরী সামগ্রী ইনসুলেশন, সব ধকনের ভাল্বস্, ফ্লানেলস্, ফায়ার ফাইটিং ইকুইপ্মেন্টস্ ও অগ্নিনির্বাপক সামগ্রী, বই ও জার্নাল -এর সকল প্রকার মেশিনারী ও তার অংশ বিশেষ যা অন্য কোন শ্রেণীভূক্ত করা যায় না)। প্রতিট্রিপঃ-<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত | |

| শ্রেণী | জাহাজযোগে আমদানি পণ্য দ্রব্যের বর্ণনা (চট্টগ্রাম) | দর<br>(দরদাতা কর্তৃক পূরণীয়) |
|---|---|---|
| ২.৭(ক) | কষ্টিক সোডা জেটি/কাস্টমে লেবার দ্বারা ট্রাক বোঝাই ও পরিবহন প্রতিট্রিপঃ-<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত | |
| ২.৭(খ) | রিফাইনারীর ভান্ডারে নামানো ও ষ্টেকিং -এর যাবতীয় **খরচঃ-**<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত | |
| ২.৮ | কার, ট্রাক, ক্রেন, ফর্কলিফ্ট, ফায়ার ভেহিক্যাল এর বার্থ অপারেটর চার্জ এবং বন্দর থেকে কোম্পানির ইয়ার্ডে পৌছাঁনো বাবদ (চালনা ও জ্বালানিসহ)<br>প্রতিটি কার -<br>প্রতিটি ট্রাক -<br>প্রতিটি ক্রেন -<br>প্রতিটি ফর্কলিফট্ -<br>প্রতিটি ফায়ার ভেহিক্যাল- | |

| শ্রেণী | শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম দিয়ে আমদানিতব্য পণ্য | দর<br>(দরদাতা কর্তৃক পূরণীয়) |
|---|---|---|
| ২.৯ | চট্টগ্রাম বিমান কাষ্টম গুদাম হ'তে ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রামস্থ ভান্ডারে (পৌঁছান এবং নামানসহ) যাবতীয় ডেলিভারী খরচঃ-<br>১ কেজি থেকে ২৫ কেজি<br>২৬ কেজি থেকে ৫০ কেজি<br>৫১ কেজি থেকে ৫০০ কেজি<br>৫০০ কেজি থেকে ৩০০০ কেজি | |
| ২.১০ | **বেনাপোল (যশোর) স্থলবন্দর দিয়ে আমদানিতব্য পণ্য।**<br>স্থল বন্দরে ট্রাক বোঝাই এবং রিফাইনারীর ভান্ডারে নামানোর জন্য যাবতীয় খরচসহ পরিবহন ও ডেলিভারীখরচ (নামানোর জন্য ক্রেন/হাইষ্টার/ ফর্কলিফ্‌টসহ) প্রতিট্রিপঃ-<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত<br>১০.০০ টন পর্যন্ত | |
| **শ্রেণী** | **পরিবহন (রপ্তানির ক্ষেত্রে):-** | **দর<br>(দরদাতা কর্তৃক পূরণীয়)** |
| ২.১১(ক) | **জাহাজের মাধ্যমে রপ্তানির ক্ষেত্রে পরিবহন খরচ ঃ**<br>ইস্টার্ণ রিফাইনারী চট্টগ্রাম অফিস হ'তে চট্টগ্রাম সমুদ্র বন্দর পর্যন্ত পরিবহনের জন্য প্রতিটন বা তাঁর অংশের জন্য পরিবহন খরচঃ-<br>(রিফাইনারীতে পণ্য বোঝাই এবং বুকিং স্থানে নামানোর জন্য প্রয়োজনীয় ক্রেইন/হাইষ্টার/ফর্কলিফ্‌ট/লেবার চার্জ প্রভৃতি খরচসহ) প্রতিট্রিপঃ-<br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত<br>১০.০০ টন পর্যন্ত | |

| | | |
|---|---|---|
| ২.১১(খ) | **বিমানের মাধ্যমে রপ্তানির ক্ষেত্রে পরিবহন খরচ :**<br>ইস্টার্ণ রিফাইনারী চট্টগ্রাম অফিস হ'তে চট্টগ্রাম শাহ্আমানত আন্তর্জাতিক বিমান বন্দর পর্যন্ত পরিবহনের জন্য প্রতিটন বা তাঁর অংশের জন্য পরিবহন খরচঃ-<br><br>(রিফাইনারীতে পণ্য বোঝাই এবং বুকিং স্থানে নামানোর জন্য প্রয়োজনীয় ক্রেইন/হাইস্টার/ফর্কলিফ্‌ট/লেবার চার্জ প্রভৃতি খরচসহ) প্রতিট্রিপঃ-<br><br>১.০০ টন পর্যন্ত<br>৩.০০ টন পর্যন্ত<br>৬.৫০ টন পর্যন্ত | |

** **<u>সর্বক্ষেত্রে বাণিজ্যিক মূল্যায়নের ওয়েটেজ (Weightage) :</u>**

| খাত | ওয়েটেজ (Weightage) |
|---|---|
| কমিশন | ৯০% |
| পরিবহন | ১০ % |
| মোট | **১০০ %** |

**<u>দরদাতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা</u> ঃ**

প্রতিষ্ঠানের নাম: ..................................................

দরদাতার স্বাক্ষর, তারিখ
ও সীলমোহর

.......................................................................

.......................................................................

টেলিফোন নং ঃ ................................................

মোবাইল নং ঃ ................................................

ই-মেইল ঃ ......................................................